

তারিখ: ২০.০৯.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

বিশ্ব পরিচ্ছন্নতা দিবস- ২০২৫

ক্লিন সিটি গড়তে নাগরিকদের পাশে চাই : মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রামকে ক্লিন সিটি হিসেবে গড়তে নাগরিক ও সামাজিক সংগঠনগুলো সহযোগিতা চেয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। শনিবার সেভ দ্য নেচার অব বাংলাদেশ চট্টগ্রাম মহানগর শাখার উদ্যোগে "Our nature our right, save the nature join the fight" স্লোগানকে ধারণ করে বিশ্ব পরিচ্ছন্নতা দিবস- ২০২৫ উপলক্ষে চট্টগ্রাম নগরীর বিপ্লব উদ্যানে পরিচ্ছন্নতা কর্মসূচিতে আহবান জানান তিনি। উক্ত কর্মসূচিতে উদ্বোধক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম প্রেসক্লাবের সদস্য সচিব জাহিদুল ইসলাম কচি। সেভ দ্য নেচার অব বাংলাদেশ চট্টগ্রাম মহানগর শাখার সদস্য সচিব মোস্তাকিম মাহমুদ চৌধুরীর সঞ্চালনায় উক্ত কর্মসূচিতে সভাপতিত্ব করেন সেভ দ্য নেচার অব বাংলাদেশ চট্টগ্রাম মহানগর শাখার আহবায়ক জসিম উদ্দিন চৌধুরী। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, "ক্লিন সিটি গ্রীন সিটি" একটি আদর্শ নগরীর ধারণা। বিশ্ব পরিচ্ছন্নতা দিবসে চট্টগ্রাম নগরীর সকল নাগরিককে পরিচ্ছন্নতাকে গুরুত্ব দিতে হবে। যত্রতত্র স্থানে ময়লা না ফেলে নির্দিষ্ট বিন ব্যবহার করার পরামর্শ দেন তিনি। এছাড়া সেভ দ্য নেচার অব বাংলাদেশ চট্টগ্রাম মহানগর শাখা'র এরকম মহতী উদ্যোগকে স্বাগত জানান তিনি। "সেভ দ্য নেচার অব বাংলাদেশ চট্টগ্রাম শাখার নেতা জসিম উদ্দিন চৌধুরী বলেন, সেভ দ্য নেচার অব বাংলাদেশ ন্যূনতম ২০ শতাংশ নাগরিককে এই পরিচ্ছন্নতা আন্দোলনের সাথে সচেতনতার মাধ্যমে উক্ত কর্মসূচির আওতায় আনতে চাই।



এতে আরো উপস্থিত ছিলেন সেভ দ্য নেচার অব বাংলাদেশ চট্টগ্রাম মহানগর শাখার সদস্য জমির উদ্দীন নাহিদ, এস.এম মাসুদ, মারুফ উল ইসলাম, আনোয়ার হোসেন চৌ., সালেহ নূর নাসিম, সাংবাদিক সাদ্দাম হোসাইন সাজ্জাদ, লোকমান সিকদার, এড. নজরুল ইসলাম সুমন, প্রফেসর ইকবাল হোসেন সুমন, সিদ্দিকুল ইসলাম আকাশ, এড. জিয়াউল হক সোহেল, এস. এম. তানভীর, নূর আলম প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে চট্টগ্রামের ঐতিহাসিক বিপ্লব উদ্যানকে পরিষ্কার- পরিচ্ছন্নতা কর্মকাণ্ড পরিচালনা করে সেভ দ্য নেচার অব বাংলাদেশ চট্টগ্রাম মহানগর শাখা।

চট্টগ্রাম মেডিকেল কলেজের ৬৮তম সিএমসি ডে'র আলোচনা সভায় ডা. শাহাদাত হোসেন

চট্টগ্রামবাসীর সুস্বাস্থ্য নিশ্চিত করে চমেক শিক্ষার্থীদের ভূমিকা রাখতে হবে

চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) থেকে পাশ করা শিক্ষার্থীদের চট্টগ্রামবাসীর সুস্বাস্থ্য নিশ্চিত করে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। তিনি বলেন, চমেক থেকে প্রতি বছর যে শিক্ষার্থীরা ডাক্তার হয়ে বের হচ্ছেন, তাদের দায়িত্ব শুধু চিকিৎসা প্রদান নয়, বরং সমাজের প্রতিটি স্তরে স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধি ও মানুষের পাশে দাঁড়ানোও সমান গুরুত্বপূর্ণ। সুস্থ জাতি গঠনে তরুণ চিকিৎসকদের দায়িত্ব আরও বেশি। তিনি শনিবার (২০ সেপ্টেম্বর) চট্টগ্রাম মেডিকেল কলেজের গৌরবের ৬৮তম সিএমসি ডে ২০২৫ উপলক্ষে আয়োজিত বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ আহ্বান জানান। মেয়র বলেন, চট্টগ্রাম নগরীতে এখনো অনেক মানুষ পর্যাপ্ত স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত। এ ক্ষেত্রে চমেকের শিক্ষার্থী ও প্রাক্তন শিক্ষার্থীরা যদি সচেতনতা সৃষ্টির পাশাপাশি গবেষণা ও সেবায় অগ্রণী ভূমিকা রাখেন, তবে নগরবাসী একটি স্বাস্থ্যসম্মত ও সুন্দর জীবন পাবে। অনুষ্ঠানে চমেকের প্রাক্তন শিক্ষার্থীরা নগরীর স্বাস্থ্যসেবা খাতে চট্টগ্রাম মেডিকেল কলেজের ঐতিহ্য ও অবদান তুলে ধরেন। তারা বলেন, ১৯৫৭ সালে প্রতিষ্ঠার পর থেকে এই প্রতিষ্ঠান শুধু চিকিৎসক তৈরি করেনি, বরং চিকিৎসা শিক্ষায় অগ্রণী ভূমিকা রেখে দেশের স্বাস্থ্যখাতকে এগিয়ে নিয়েছে। সিএমসি ডে উদযাপন উপলক্ষে চমেক ক্যাম্পাস থেকে একটি র্যালী বের হয়ে মেডিকেল কলেজের সড়ক হয়ে শাহ আলম বীর উত্তম মিলায়তনে এসে শেষ হয়। পরে কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠিত আলোচনা সভায় অংশ নেন শিক্ষক, প্রাক্তন শিক্ষার্থী ও বর্তমান শিক্ষার্থীরা। এর আগে বেলায় উড়িয়ে উদ্বোধন করেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। চট্টগ্রাম মেডিকেল কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ডা. আব্দুর রবের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চমেক হাসপাতালের পরিচালক বিগ্রেডিয়ার জেনারেল ডা. মো. তসলিম উদ্দিন, চট্টগ্রাম মেডিকেল কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর ডা. ইমরান বিন ইউনুস, চট্টগ্রাম মেডিকেল কলেজের প্রাক্তন ছাত্র প্রফেসর ডা.

মঞ্জুরুল ইসলাম, প্রফেসর ডা. ইমাম উদ্দিন, প্রফেসর ডা. এস এম তারেক, প্রফেসর ডা. জসিম উদ্দিন, প্রফেসর ডা. তমিজ উদ্দিন আহমেদ মানিক, ডা. খুরশিদ জামিল চৌধুরী, প্রফেসর ডা. মোহাম্মদ আলী, প্রফেসর ডা. মাইন উদ্দিন, প্রফেসর ডা. হাসানুজ্জামান, প্রফেসর ডা. অজয় দেব, প্রফেসর ডা. আবদুস সাত্তার, প্রফেসর ডা. তাজিন সুলতানা, ডা. তনুজা তানজিন, ডা. মো. আবু নাসের, ডা. ফযেজুর রহমান, ডা. মাহমুদুর রহমান, ডা. বেলায়েত হোসেন ঢালী, ডা. কামরুল হক, ডা. ইফতেখারুল ইসলাম, ডা. এস এম সারোয়ার আলম, ডা. ইমরোজ উদ্দিন, ডা. তানভীর হাবিব তান্না প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮